**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৩/২০১৭-১৮**

**ঢাকা, রোববার ২৬ নভেম্বর ২০১৭, ১২ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ইতিহাস বিকৃতকারীরা যেন ক্ষমতায় আসতে না পারে : প্রধানমন্ত্রী

২। ৭ মার্চ ভাষণের স্বীকৃতি উদ্‌যাপন: বর্ণাঢ্য শোভাযাত্রা, উৎসবমুখর দেশ

৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে অনুসরণ করা হবে ১৯৯২ সালের চুক্তি
ফেরত যাবে ২০১৬ সাল থেকে আসা রোহিঙ্গারা : পররাষ্ট্রমন্ত্রী

৪। ৭ মার্চের ভাষণ বিশ্ব সম্পদ : বাণিজ্যমন্ত্রী

৫। বঙ্গবন্ধুর সততা ও সাহস অনুকরণীয় : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। দেশে হিমোগ্লোবিন ডিজঅর্ডারের বাহক ৮৪ লাখ মানুষ

৭। আজ থেকে তিন দিনব্যাপী গ্রিন এক্সপো শুরু

৮। ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস পদক পেলেন শিক্ষামন্ত্রী

৯। টিউলিপ সিদ্দিক 'লেবার নিউ কামার এমপি অব দ্য ইয়ার' নির্বাচিত

১০। কৃষিপণ্যে রপ্তানি আয় বেড়েছে ২০ শতাংশ

১১। লেখক অভিজিৎ হত্যায় জড়িত জঙ্গি আরাফাত সাভারে গ্রেফতার

চলমান পাতা-২

**১।　ইতিহাস বিকৃতকারীরা যেন ক্ষমতায় আসতে না পারে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে আর যেন রাজাকার-আলবদর-আলশামস, খুনি, ইতিহাস বিকৃতকারীরা, স্বাধীনতার বিরোধিতাকারীরা ক্ষমতায় আসতে না পারে সেদিকে সবার খেয়াল রাখতে হবে। আওয়ামী লীগের নেতৃত্বে আগামীর বাংলাদেশ হবে অর্থনৈতিক মুক্তির ও সমৃদ্ধির বাংলাদেশ। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর বিশ্ব প্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি পাওয়ায় গতকাল (২৫ নভেম্বর শনিবার) সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আনন্দ শোভাযাত্রাশেষে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে সমাবেশে বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ, সমকাল, যুগান্তর, প্রথম আলো, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, অবজারভার, বাংলাদেশ টুডে, নিউ এজ, নিউজ টুডে, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।　৭ মার্চ ভাষণের স্বীকৃতি উদ্‌যাপন : বর্ণাঢ্য শোভাযাত্রা, উৎসবমুখর দেশ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ ইউনেস্কোর 'বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য' স্বীকৃতি উদ্‌যাপনে রাজধানীসহ সারাদেশে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। গতকাল (২৫ নভেম্বর শনিবার) রাজধানীর সব পথ, সব মিছিল একাকার হয়ে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে গিয়ে মিলে। এর আগে দুপুর **১২**টার দিকে ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানোর পর আনুষ্ঠানিক শোভাযাত্রা শুরু হয়। এছাড়া সারাদেশব্যাপী এ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ, ইনকিলাব** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।　রোহিঙ্গা প্রত্যাবাসনে অনুসরণ করা হবে ১৯৯২ সালের চুক্তি**
**ফেরত যাবে ২০১৬ সাল থেকে আসা রোহিঙ্গারা : পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের মধ্যে ৯ অক্টোবর ২০১৬ সালের পর যারা এসেছে শুধু তাদেরই ফেরত নিবে মিয়ানমার। আর এর আগে থেকেই যারা আছে (প্রায় তিন লাখের মতো) তাদের ফেরত পাঠানোর বিষয় পরে বিবেচনা করা হবে। রোহিঙ্গাদের ফেরত নেওয়ার ক্ষেত্রে **১৯৯২** সালের চুক্তি অনুসরণ করা হবে। মিয়ানমার সফর করে দেশটির সঙ্গে রোহিঙ্গা প্রত্যাবাসনে একটি সম্মতিপত্র সই করে এসে গতকাল (২৫ নভেম্বর শনিবার) এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৪।　৭ মার্চের ভাষণ বিশ্ব সম্পদ : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ মার্চের ভাষণ শুধু বাঙালির জন্য নয়, এ ভাষণের বার্তা পৃথিবীর সব নির্যাতিত, নিপীড়িত, মুক্তিকামী মানুষের জন্য। এ ভাষণ শুধু বাংলাদেশের সম্পদ নয়, বিশ্বসম্পদ। ৭ মার্চের ভাষণ বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের স্বীকৃতি অর্জন উপলক্ষে 'বজ্রকণ্ঠ : মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ আয়োজনে বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা, আলোচনাসভা ও আলোকচিত্র প্রদর্শন করা হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১১,ক.৬)।

**৫।　বঙ্গবন্ধুর সততা ও সাহস অনুকরণীয় : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রাজনীতিতে সততা আর সাহসের বিরল দৃষ্টান্ত রেখে গেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তাঁর সততা, সাহস ও আদর্শ রাজনীতিবিদদের জন্য অনুকরণীয় দৃষ্টান্ত। রাজনীতিবিদদের এখান থেকে অনেক শিক্ষা নিতে হবে। 'কারাগারের রোজনামচা' ও 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থ দু'টি পাঠ করলে সহজ-সরল জীবনযাপন করা এক নির্লোভ রাজনীতিবিদের মুখ হৃদয়পটে ভেসে ওঠে। বঙ্গবন্ধুর মতো একই দৃষ্টান্ত অনুসরণ করে চলেছেন তাঁর কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৫ নভেম্বর শনিবার)

রাজধানীর বিএমএ মিলনায়তনে আওয়ামী লীগের তথ্য ও গবেষণা উপকমিটি আয়োজিত '৭ই মার্চ : আলোকের ঝর্ণাধারা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সেতুমন্ত্রী বলেন, আমরা রাজনীতিকরা যদি দুর্নীতিমুক্ত থাকি, তবে দেশের দুর্নীতি অটোমেটিক্যালি অর্ধেক কমে



যাবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

৬। **দেশে হিমোগ্লোবিন ডিজঅর্ডারের বাহক ৮৪ লাখ মানুষ**

বাংলাদেশে থ্যালাসেমিয়াসহ জন্মগত হিমোগ্লোবিন ডিজঅর্ডারের বাহক প্রায় ৮৪ লাখ মানুষ। এছাড়া দেশের ৭০ শতাংশ মানুষ কোনো না কোনোভাবে রক্ত স্বল্পতায় আক্রান্ত। দেশে হিমোফিলিয়া রোগীর সংখ্যাও প্রায় ২০ হাজার। গতকাল (২৫ নভেম্বর শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) আয়োজিত '৩য় আন্তর্জাতিক হেমাটোলজি কনফারেন্স-২০১৭' উদ্বোধনসভায় এমন তথ্য জানানো হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত প্রধান অতিথি হিসেবে উক্ত কনফারেন্স উদ্বোধন করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালিক উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.৬)।

৭। **আজ থেকে তিন দিনব্যাপী গ্রিন এক্সপো শুরু**

পরিবেশবান্ধব ও জ্বালানিসাশ্রয়ী নির্মাণসামগ্রী ও প্রযুক্তি প্রসারের লক্ষ্যে ঢাকায় শুরু হয়েছে তিন দিনব্যাপী গ্রিন কনভেনশন অ্যান্ড এক্সপো। গতকাল (২৫ নভেম্বর শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এর উদ্বোধন করেন বন ও পরিবেশমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু। অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড লিমিটেড এ প্রদর্শনীর আয়োজন করেছে। মন্ত্রী বলেন, দেশের শিল্প প্রতিষ্ঠানগুলো পরিবেশবান্ধব করতে সরকারিভাবে নানা উদ্যোগ নেওয়া হয়েছে। পরিবেশবান্ধব অবকাঠামো গড়তেও সহায়তা দিচ্ছে সরকার। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

৮। **ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস পদক পেলেন শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গত ২৩ নভেম্বর বৃহস্পতিবার ভারতের মুম্বাইয়ে ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন। দু'দিনব্যাপী ষষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস চলাকালে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। শিক্ষাক্ষেত্রে অসামান্য অবদান, অন্যদের জীবনের জন্য ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ এবং সামাজিক পরিবর্তনে ইতিবাচক অবদানের স্বীকৃতি হিসেবে এ পুরস্কার পান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৮)।

৯। **টিউলিপ সিদ্দিক 'লেবার নিউ কামার এমপি অব দ্য ইয়ার' নির্বাচিত**

যুক্তরাজ্যের লেবার পার্টির এমপি টিউলিপ সিদ্দিক 'লেবার নিউ কামার এমপি অব দ্য ইয়ার' নির্বাচিত হয়েছেন। ওয়েস্ট মিনস্টারে প্যাচওয়ার্ক ফাউণ্ডেশনের কাছ থেকে সম্প্রতি তিনি এ পুরস্কার পান। হাউস অভ্ কমন্সের স্পিকার জন বারকাওয়ে টিউলিপের হাতে পুরষ্কার তুলে দেন। যুক্তরাজ্যের গণতন্ত্র ও সুশীল সমাজে ভিন্ন সম্প্রদায়ের অন্তর্ভুক্তিতে সহায়তা করে থাকে দেশটির সংস্থা প্যাচওয়ার্ক ফাউণ্ডেশন। সংস্থাটি প্রতিবছর বিভিন্ন কর্মকাণ্ডের জন্য রাজনীতিকদের পুরস্কৃত করে থাকে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

১০। **কৃষিপণ্যে রপ্তানি আয় বেড়েছে ২০ শতাংশ**

চলতি ২০১৭-১৮ অর্থবছরের প্রথম চার মাসে কৃষিপণ্য রপ্তানিতে আয় হয়েছে ২০ কোটি ৩২ লাখ ১০ হাজার মার্কিন ডলার বা প্রায় ১ হাজার ৬৫৪ কোটি টাকা, যা লক্ষ্যমাত্রার চেয়ে ১৪ দশমিক ১৩ শতাংশ বেশি। একইসঙ্গে ২০১৬-১৭ অর্থবছরে একই সময়ের তুলনায়ও এ খাতের রপ্তানি আয় ২০ দশমিক ২২ শতাংশ বেড়েছে। বাংলাদেশ

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) নভেম্বর মাসে প্রকাশিত হালনাগাদ প্রতিবেদন থেকে এ তথ্য প্রকাশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.২)।

**১১। লেখক অভিজিৎ হত্যায় জড়িত জঙ্গি আরাফাত সাভারে গ্রেফতার**

বিজ্ঞানমনস্ক লেখক অভিজিৎ রায়সহ চাঞ্চল্যকর পাঁচ হত্যায় অংশ নেওয়া নিষিদ্ধ জঙ্গি সংগঠন আনসারুল্লাহ বাংলা টিমের সদস্য আরাফাত রহমানকে গ্রেফতার করেছে পুলিশ। গত ২৪ নভেম্বর শুক্রবার সাভারের আমিন বাজারের বরদেশী এলাকা থেকে তাকে গ্রেফতার করে ডিএমপির কাউন্টার টেররিজম অ্যান্ড



ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। সিয়াম ওরফে সাজ্জাদ নামেও পরিচিত এ জঙ্গিকে গ্রেফতারে এর আগে পুলিশের পক্ষ থেকে দুই লাখ টাকা পুরস্কার ঘোষণা করা হয়েছিল। এদিকে গতকাল (২৫ নভেম্বর শনিবার) আদালতের মাধ্যমে আরাফাতকে পাঁচ দিনের রিমান্ডে নিয়েছে পুলিশ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** উপকূলীয় এলাকার মানুষকে সুন্দরবন ঢাল হিসেবে রক্ষা করছে বিশ্বব্যাংকের এক রিপোর্ট উল্লেখ করে সুন্দরবন রক্ষায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **সংবাদ, সমকাল, জনকণ্ঠ, প্রথম আলো :** রোহিঙ্গাদের নিজ দেশে ফিরিয়ে নেওয়ার লক্ষ্যে বাংলাদেশ-মিয়ানমার সম্মতিপত্রে স্বাক্ষর করেছে উল্লেখ করে রোহিঙ্গা সমস্যার কার্যকর সমাধানে আন্তর্জাতিক চাপ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** রেলের কোচ মেরামতের কাজ নিম্নমানের হয়েছে মর্মে উল্লেখ করে বাংলাদেশ রেলওয়ের বিরুদ্ধে অভিযোগ আমলে নিয়ে এ ধরনের দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** অটোরিকশার ভাড়া নিয়ে নৈরাজ্য রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **যায়যায়দিন :** সমাজে একের পর এক নারীর প্রতি অবমাননা হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান, ডেইলি স্টার, নিউ নেশন :** আগামী মাস থেকে বিদ্যুতের দাম পুনরায় বৃদ্ধিতে জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ার আশঙ্কা করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিদ্যুতের উৎপাদন খরচ কমানোর বিষয়ে সচেষ্ট হওয়ার সুপারিশ।

ছ. **নিউজ টুডে :** শিশুদের ঝুঁকিপূর্ণ কাজে জড়িত হওয়া থেকে বিরত রাখতে সামাজিক সচেতনতা বৃদ্ধি, নিরাপত্তাখাতের বিস্তার ও অর্থনৈতিক প্রণোদনা ব্যাপক প্রভাব ফেলবে মর্মে প্রত্যাশা ব্যক্ত।

জ. **অবজারভার :** সমাজে মাদকের বিস্তার প্রতিরোধে অভিভাবক, শিক্ষক, গণমাধ্যম ও সামাজিক সংস্থাগুলোকে এগিয়ে আসার আহ্বান।

ঝ. **ইন্ডিপেনডেন্ট :** যুবকদের পরিবেশ সংরক্ষণ কার্যক্রমে জড়িয়ে বনায়ন কর্মসূচিতে অন্তর্ভূক্তির মাধ্যমে পরিবেশ সুরক্ষায় ব্যাপক ইতিবাচক প্রভাব পড়ার প্রত্যাশা।

ঞ. **নিউ এজ :** রাজধানীতে ডিএমপি ও বিআরটিএ কর্তৃপক্ষের মেয়াদোত্তীর্ণ গাড়ির ডাম্পিং স্টেশন না থাকায় একটি স্থায়ী ডাম্পিং স্টেশন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, উচ্চশিক্ষার মানবৃদ্ধিকল্পে আমাদের ইংরেজি ভাষা শিক্ষার ওপর গুরুত্ব দিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'হাঁটার গতি বনাম যানবাহনের গতি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে–যানজটের কবল থেকে ঢাকাকে রক্ষা করতে মেট্রোরেল সার্ভিস, পাতালরেল, ট্রানজিট সুবিধা, পার্কিং মিটার, দ্বিতল বাসসার্ভিস চালুর বিকল্প নেই।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭